

তাহের ম.শায়েখ

শাপলা আজ কাদে প্রানে

রূপ কথার গল্প আজ শুধু আমাদের সোনালী ইতিহাস

শাপলা আজ কাদে প্রানে !

হায়! রক্ত সিক্ত পতাকা কুটিলের হাতে

উড়ে ঘৃনার দাহে, শত মতে শত পথে

বিভ্রান্ত বাংলাদেশে অ-আরাম এই যে বসবাস

অ-নিরাপদ জনপদ, এই যে স্বার্থান্ধ রাজনৈতিক ভ্রম

অসুষ্ঠ জাতীয় উন্নয়ন নীতি, অসৎ রাষ্ট্রীয় সম্পদের শ্রাদ্ধ

রক্ত-ঘামে-শ্রমে

দুর্গচিন্তায়, অবসাদে, বিষন্নতায় অনিরাপদ নগর ও গ্রামে

বাংলার শংকিত মুখের সারি

ক্রমশ সংকুচিত অবাদি জমি

মরু-গন্ধময় বনভূমি

দূষিত জল ভাঙ্গনের সুরে বিপন্ন ধলেশ্বরী

শ্রীহীন-শীর্ণকায় বিপন্ন আমরা

অথচ দেখ দরদী নেতা নেত্রীদের

চকেচকে মসূন নিশ্চিত আয়েশের মেদুল লাভণ্য,

শত্রু আমরা-ই পরস্পরে

মিছিলে, মিটিংয়ে, সংসদে, ঘরে বাহিরে

হেনস্ত, বিপথগামী সন্তানের সমান্তরাল বেশ্যা পুলিশ

যারা সব আচল নখরে খুড়ে

তাছাড়া র্যাব ... ইত্যাদির তো উৎসব

কেছো মারার... হায়ানারা হপিস

বড় দুঃসময় ইদানিং

বৈশাখ'র কসম

ফিরে আয়

ফাগুন'র কসম

ফিরে আয়

বাংলার বারো মাসে

ফিরে আয় বইমেলায়, বটতলায়,

ঈদে উৎসবে ফিরে আয়

ফিরে আয় তীর্থে

ফিরে আয় এই ভালোবাসার নামে

অতএব ফিরে আয়

২১শে ফিরে আয়- শহীদ মিনারের কসম

২৬ শে ফিরে আয়- স্মৃতি সৌধের কসম

১৬ ই ফিরে আয়- বিজয় দিনের কসম

কসম ৭১' র, ৩০ লক্ষ শহীদের,

পদ্মা, মেঘনা, ধলেশ্বরী'র

শাপলা, দোয়েল'র কসম

ঘাস ফুল, শিশিরের কসম

রবীন্দ্র, নজরুল, মাওলানা, বঙ্গবন্ধু'র কসম

ফিরে আয় হে শান্তি, হে স্বস্তি

এই দেখ টকটকে লাল গোলাপ হাতে দাড়িয়ে আছি !